**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/30/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল নিউ ব্যবসাসমূহকে অত্যাবশ্যকীয় সংস্থান ও সেবার সাতে সংযুক্ত করে দিতে আন্তঃএজেন্সি ক্ষুদ্র ব্যবসা সফর ঘোষণা করলেন

## 6 জুন থেকে শুরু করে, প্রতিনিধিগণ ক্ষুদ্র ব্যবসা সফল হতে সাহায্য করার জন্য স্টেটের কর্মসূচি ও সেবার উপর আলোকপাত করতে ইউটিকা, ট্রয়, বাফেলো, এবং রচেস্টারে যাবেন

***এটি নিউ ইয়র্কের ক্ষুদ্র ব্যবসা সম্প্রদায়কে সমর্থন করার জন্য গভর্নরের চলমান প্রতিশ্রুতির অংশ***

***অংশগ্রহণ করার জন্য ব্যবসাগুলি এখানে নিবন্ধন করতে পারবে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে উদ্যোক্তাদের বিনামূল্যের সমর্থন ও সেবার সাথে সংযুক্ত করে দিতে সাহায্যের জন্য নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের (New York State Department of Labor, NYSDOL) নেতৃত্বে একটি নতুন ক্ষুদ্র ব্যবসা আউটরিচ প্রয়াসের সূচনা করা হয়েছে। এইসব অত্যাবশ্যকীয় অর্থনৈতিক অবদানকারীদের প্রতি গভর্নরের চলমান প্রতিশ্রুতির অংশ হিসেবে, নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ, স্টেট বিভাগ (Department of State) এবং কর ও অর্থ বিভাগ (Department of Tax and Finance) কর্মীদের ক্ষতিপূরণের বোর্ড (Workers' Compensation Board), এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রতিনিধিগণ ক্ষুদ্র ব্যবসার মালিকদের লাইসেন্সিং, প্রবিধান, কর, অনুদান, প্রশিক্ষণ ইত্যাদির ব্যাপারে গুরুত্বপূর্ণ তথ্য প্রদানের জন্য স্টেট ভ্রমণ করবে।

"ক্ষুদ্র ব্যবসা হলো নিউ ইয়র্কের অর্থনীতির কেন্দ্রবিন্দু - এটি স্থানীয় চাকরি তৈরি করে, এলাকার শক্তি নবায়িত করে, এবং সম্প্রদায়সমূহকে একত্রিত করে," **গভর্নর হোকল বলেন।** "তাদেরকে তাদের প্রাপ্য সমর্থন প্রদান করা নিশ্চিত করতে সরাসরি ক্ষুদ্র ব্যবসাসমূহের কাছে বিনামূল্যের সংস্থান পৌঁছে দেওয়ার ব্যাপারে আমরা উৎসুক।"

**নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন,** "আমাদের ক্ষুদ্র ব্যবসাগুলি হলো সম্প্রদায়সমূহের হৃৎস্পন্দন এবং আমাদের অর্থনীতিতে তারা একটি অত্যাবশ্যকীয় ভূমিকা পালন করে। নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ অনেক ধরনের বিনামূল্যের সংস্থান প্রদান করে যা ক্ষুদ্র ব্যবসাগুলোকে বৈশ্বিক বাজারে প্রতিযোগী হিসেবে টিকে থাকতে

সাহায্য করে। এই সেশনগুলির একটিতে যোগ দিয়ে কীভাবে নিউ ইয়র্ক স্টেট আপনাকে সফল হতে সাহায্য করতে পারে সে ব্যাপারে আরো জানার জন্য আমি সকল উদ্যোক্তাকে উৎসাহিত করছি।"

সফরে রয়েছে ইউটিকা, ট্রয়, রচেস্টার, এবং বাফেলো এবং এটি হলো স্থানীয় সম্প্রদায়ে উল্লেখযোগ্য অর্থনৈতিক প্রভাব রাখছে এমন ক্ষুদ্রতর পরিচালনাকে অগ্রসর, সমর্থন ও জোরদার করতে নিউ ইয়র্ক স্টেটের প্রয়াসের অংশ।

**ক্ষুদ্র ব্যবসা সফর**

- 6 জুন, মঙ্গলবার, সকাল 8:30টা - মোহক ভ্যালি কমিউনিটি কলেজ, ইনফরমেশন টেকনোলজি সেন্টার, ইউটিকা
- 6 জুন, মঙ্গলবার, বিকাল 5:30টা - হাডসন ভ্যালি কমিউনিটি কলেজ, বালমার টেকনোলজি সেন্টার, ট্রয়
- 13 জুন, মঙ্গলবার, সকাল 8:30টা - জ্যাকেলিন ভিটো লোরুসো অ্যালামনাই এবং ভিজিটর সেন্টার, 667 গ্র্যান্ট স্ট্রিট, বাফেলো
- 14 জুন, বুধবার, সকাল 8:30টা - রচেস্টার এডুকেশনাল অপরচুনিটি সেন্টার, 161 চেস্টনাট স্ট্রিট, রচেস্টার

অংশগ্রহণ করতে আগ্রহী ক্ষুদ্র ব্যবসাগুলি ক্ষুদ্র ব্যবসা সফর নিবন্ধন ফর্মের মাধ্যমে নিবন্ধন করতে পারবে।

নিউ ইয়র্ক স্টেটজুড়ে সকল আকারের ব্যবসাকে সমর্থন করতে NYSDOL একাধিক সেবা প্রদান করে। এর ব্যবসা সেবা প্রতিনিধিগণ (Business Services Representatives) কাস্টোমাইজড সমাধান তৈরি করে উদ্যোক্তাদের ব্যবসার লক্ষ্য অর্জনে তাদের সাহায্য করতে কাজ করে। এছাড়াও বিভাগটি বিনামূল্যে মানব সংস্থান পরামর্শ প্রদান করে এবং চাকরিদাতাদেরকে দক্ষ কর্মী খুঁজতে সাহায্য করার জন্য কর্মীবাহিনীর নিয়োগে সহায়তা করে। NYSDOL নিয়োগের প্রণোদনা, কর ক্রেডিট এবং অর্থায়নের সুযোগের উপর নির্দেশনা প্রদান করে যা চাকরিদাতাদের ব্যয় হ্রাসে সাহায্য করতে পারে।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন,** "এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টে আমাদের মিশনের জন্য ক্ষুদ্র ব্যবসার প্রবৃদ্ধি সমর্থন করা মুখ্য, এবং তাদের সমৃদ্ধির জন্য সাহায্য করতে আমরা যেসকল সংস্থান ও সেবা প্রদান করি তা প্রদর্শন করার জন্য এই বহু এজেন্সির প্রয়াসে যোগ দিতে পেরে আমরা খুশি। ক্ষুদ্র ব্যবসা নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতির প্রাণশক্তি, এবং তাদের সাফল্যই আমাদের সাফল্য।"

**নিউ ইয়র্ক স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন,** "নিউ ইয়র্কের মানুষের কাছে সরাসরি সরকারি সংস্থান পৌঁছে দিতে আমাদের অংশীদার এজেন্সিগুলির সাথে অংশীদারিত্ব করতে

পেরে স্টেট বিভাগ গর্বিত। আমাদের লাইসেন্সিং এবং কর্পোরেশন বিভাগ আমাদের ক্ষুদ্র ব্যবসাকে সুযোগ ও সংস্থান প্রদান করে যাতে আমাদের অর্থনীতিতে অবদান রাখার পাশাপাশি তারা বিকাশ করতে পারে।"

**নিউ ইয়র্ক স্টেটের কর্মীদের ক্ষতিপূরণ বোর্ডের প্রধান ক্লারিসা এম. রড্রিগেজ বলেন,** "নিউ ইয়র্কের ক্ষুদ্র ব্যবসাসমূহকে কর্মীদের ক্ষতিপূরণ আইনের অধীনে তাদের অধিকার ও দায়িত্বের ব্যাপারে শিক্ষাদান করে, এবং কোনও সমস্যা হলে সমাধান করার মাধ্যমে তাদের সফল হতে সাহায্য করার জন্য বোর্ডটি নিবেদিত। ক্ষুদ্র ব্যবসাসমূহের কাছে যাতে সমৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা ও তথ্য থাকতে তা নিশ্চিত করতে স্টেটের অন্যান্য এজেন্সির সাথে কাজ করার সুযোগ পেয়ে আমরা গর্বিত।"

**নিউ ইয়র্ক স্টেটের কর ও অর্থ বিভাগের ভারপ্রাপ্ত কমিশনার আমান্ডা হিলার বলেন,** "কর বিভাগে আমরা নিশ্চিত করতে চাই যাতে আমাদের অর্থনীতির অত্যাবশ্যকীয় পক্ষ, ক্ষুদ্র ব্যবসার মালিকেরা একটি সমতার ক্ষেত্রে প্রতিযোগিতা করতে পারে, তাই আমরা কর আইনকে যতটা সম্ভব সরল রাখা নিশ্চিত করতে কাজ করি।"

নিউ ইয়র্ককে দেশের আরো কর্ম এবং কর্মীবান্ধব স্টেট করার জন্য নকশা করতে উদ্যোগসমূহকে গভর্নর হোকল সমর্থন করে যাচ্ছেন। নিউ ইয়র্কের ক্ষুদ্র ব্যবসা সম্প্রদায়কে সমর্থন করার জন্য এবং স্টেটের মহামারী পুনর্বাসনকে ত্বরান্বিত করার জন্য 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছেন, যার মধ্যে আছে কোভিড-19 মহামারী ক্ষুদ্র ব্যবসা পুনর্বাসন ও অনুদান কর্মসূচির (COVID-19 Pandemic Small Business Recovery Grant Program) জন্য 800 মিলিয়ন মার্কিন ডলার, সিড ফান্ডিং অনুদান কর্মসূচির (Seed Funding Grant Program) জন্য 200 মিলিয়ন মার্কিন ডলার, এবং ফেডারেল স্টেট ক্ষুদ্র ব্যবসা ক্রেডিট উদ্যোগের (State Small Business Credit Initiative) জন্য 550 মিলিয়ন মার্কিন ডলার। এছাড়া গভর্নর অর্থবছর 2024 এর বাজেটের অংশ হিসেবে স্থানীয় অর্থনীতিতে বিনিয়োগের জন্য অতিরিক্ত 1 বিলিয়ন মার্কিন ডলার তহবিল নিশ্চিত করেছেন, যার মধ্যে রয়েছে আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদসমূহের (Regional Economic Development Councils) জন্য 225 মিলিয়ন মার্কিন ডলার অনুদান তহবিল এবং কর ক্রেডিট, ডাউনটাউন পুনর্বাসন উদ্যোগ (Downtown Revitalization Initiative) এবং NY ফরোয়ার্ডের (NY Forward) একটি অতিরিক্ত বছরের জন্য প্রত্যেকের জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার, RESTORE নিউ ইয়র্ক সম্প্রদায় উদ্যোগের (RESTORE New York Communities Initiative) জন্য 50 মিলিয়ন মার্কিন ডলার, NYWORKS অর্থনৈতিক বিকাশ তহবিলের (NYWORKS Economic Development Fund) জন্য 400 মিলিয়ন মার্কিন ডলার এবং সম্প্রদায়ের প্রবৃদ্ধি ও উন্নয়ন সমর্থন করে এমন প্রকল্পসমূহের জন্য প্রায় 200 মিলিয়ন মার্কিন ডলার।

###